



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

প্রেস রিলিজ

তারিখ : ১৭/১১/২০১৬

বরিশাল বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় লাইব্রেরিকে গবেষণা সংকলনের ৫ টি বই এবং মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞান বিভাগকে ল্যাব ইকুপমেন্ট দিলেন ববি উপাচার্য

বাংলাদেশ মৃত্তিকা বিজ্ঞান সমিতির সভাপতি বিশিষ্ট মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞানী বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক ১৯৭৩ হতে ২০১৬ জুন পর্যন্ত তাঁর দীর্ঘ বর্ণাঢ্য কর্মজীবনে প্রকাশিত সকল গবেষণা সমগ্রের ৫টি সংকলন কপি অদ্য ১৭ নভেম্বর ২০১৬ তারিখ বরিশাল বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় লাইব্রেরিকে হস্তান্তর করেন। একই সাথে বিশ্ববিদ্যালয়ের মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞান বিভাগকেও তাঁর নিজের ব্যবহৃত প্রায় ৫ লক্ষাধিক টাকা মূল্যের প্রয়োজনীয় ও মূল্যবান ল্যাব ইকুপমেন্ট প্রদান করেন। উপাচার্য মহোদয় আশা প্রকাশ করেন এর মাধ্যমে বরিশাল বিশ্ববিদ্যালয়ের মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞান বিভাগের অধ্যয়নরত শিক্ষার্থীরা উপকৃত হবেন এবং গবেষণা কর্মে নিজেদেরকে আরও বেশি সম্পৃক্ত করতে সক্ষম হবেন। এ সময় বিশ্ববিদ্যালয়ের মাননীয় ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান, জীব বিজ্ঞান অনুষদের ডিন মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞান বিভাগের চেয়ারম্যান ড. মো. হাসিনুর রহমান, বিভাগের অন্যান্য শিক্ষকমন্ডলী, সহকারী লাইব্রেরিয়ান (চলতি দায়িত্ব) মধুসূদন হালদার প্রমুখ উপস্থিত ছিলেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রুমি

জনসংযোগ কর্মকর্তা

বরিশাল বিশ্ববিদ্যালয়

(b.university.pro@gmail.com)